দৈনিক বাংলা

০৩৪

তারিখ ... ২১/8/৭৪ ... ...
পৃষ্ঠা ... 1 ক. ৭. 6 ... ...

# তিনমাসের মধ্যে শিক্ষানীতি : জাফর

(নিজস্ব প্রতিনিধি)

খুলনা, ২০শে আগস্ট :—শিক্ষা মন্ত্রী জনাব কাজী জাফর আহমদ আজ স্থানীয় হাদিস পার্কে এক জনসভায় বলেছেন যে আগামী তিন মাসের মধ্যে দেশের শিক্ষানীতি প্রণয়ন করা হবে।

মন্ত্রী বলেন, সরকার দেশে গণ শিক্ষা চালু করতে বদ্ধপরিকর এবং এই লক্ষ্যে একটি শিক্ষা উপদেষ্টা পরিষদ গঠন করা হয়েছে। যেখানে ছাত্র সমাজের মতামতও বিবেচনা করা হবে।

তিনি বলেন, দেশের প্রাথমিক শিক্ষার উপযুক্ত দেড় কোটি শিশুর মধ্যে শতকরা মাত্র ৫০ জন প্রতিবছর স্কুলে ঢোকার সুযোগ পায়, যাদের

(শেষ পৃঃ ৫-এর ক. কঃ)

(১ম পৃঃ পর)

অধিকাংশই আবার পরে পড়াশোনা চালিয়ে যেতে পারে না।

মন্ত্রী বলেন, কৃষি ও কারিগরি শিক্ষা সম্প্রসারণের জন্য প্রত্যেক থানায় কৃষি ও কারিগরি বিদ্যালয় স্থাপন করা হবে।

শিক্ষকদের সম্পর্কে তিনি বলেন যে তাদের দাবী-দাওয়া বিবেচনা করা হচ্ছে। শ্রমিকদের সম্পর্কে তিনি বলেন যে ঈদের আগে বেতন কমিশনের রিপোর্ট বেরোবে।

তিনি বলেন যে তার দল জাতীয়তাবাদী ফ্রন্টে যোগ দিয়েছে বাকশালীদের হটিয়ে দেবার জন্য এবং ব্যারাক থেকে শান্তিপূর্ণভাবে গণতন্ত্র ফিরিয়ে আনার জন্য।